



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৪৫৪

তারিখঃ ০৮/০৮/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৪২ তম কমিশন সভা গত ০৭/০৮/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. কমিশন সভায় গত ৩০/০৭/২০১২ইং তারিখে সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL) এর সার্ভার সমস্যার কারণে ডিএসই ও সিএসই'র ট্রেড বন্ধ থাকার প্রেক্ষাপটে বিষয়টি জরুরী ভিত্তিতে তদন্ত করার জন্য ৩১/০৭/২০১২ তারিখে চার সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে। উক্ত কমিটি ০৫ কার্যদিবসের মধ্যে তদন্ত সমাপ্ত করে কমিশনে একটি প্রতিবেদন জমা দেয়। কমিশন সভায় দাখিলকৃত প্রতিবেদনটি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ


ক) কমিশনকে সার্ভার সমস্যার বিষয়টি যথাসময়ে অবহিত না করার জন্য এবং দুর্বল মনিটরিং এর জন্য CDBL -কে সতর্ক করার সিদ্ধান্ত গৃহীত হয়;

খ) ভবিষ্যতে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধকল্পে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিডিবিএল এর পরিচালনা পর্ষদকে নির্দেশনা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

১. সভায় Rhymer Chemical Industries Limited কে এক (০১) কোটি টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের কোন প্রিমিয়াম ব্যতীত) ইস্যুর মাধ্যমে টাঃ দশ (১০) কোটি টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) অনুমোদন দেয়া হয়েছে।

২. Argon Denims Ltd. এর আবেদনের প্রেক্ষিতে তাদের প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদা গ্রহণের তারিখ আপাততঃ স্থগিত করা হয়েছে। নতুন চাঁদা গ্রহণের সময় পরবর্তীতে অবহিত করা হবে।

৩. R.N. Spinning Mills Ltd. এর Rights Issue সংক্রান্ত জটিলতা বিষয়ে কমিশন একটি তদন্ত কমিটি গঠন করে। আজকের সভায় তদন্ত কমিটির প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।


মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র